মুজিবনগর স্মৃতিসৌধে নির্বাচন কমিশনারের পুষ্পস্তবক অর্পণ

মেহেরপুরের মুজিবনগরে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন নির্বাচন কমিশনার অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল আহসান হাবিব খান।

শনিবার সকালে মেহেরপুরে আগমন করেন নির্বাচন কমিশনার বিগ্রেডিয়ার জেনারেল আহসান হাবিব খান (অবঃ) এবং দুপুরের দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে মেহেরপুর পৌরসভা ও ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের সাথে বাংলাদেশ নির্বাচন কমিশনের মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে রাখেন।

ঐ দিন বিকেলে মুজিবনগর স্মৃতিসৌধের পুষ্পস্তবক অর্পণ করেন এবং মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স এর মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন স্থাপনা ও মুজিবনগর স্বাধীনতা সড়ক পরিদর্শন করেন।

এ সময় নির্বাচন কমিশনার এর সাথে ছিলেন, বাংলাদেশ নির্বাচন কমিশনের যুগ্ম সচিব নুরুজ্জামান তালুকদার, খুলনা আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ইউনুস আলী, মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনছার, চুয়াডাঙ্গা জেলা নির্বাচন কর্মকর্তা ও মেহেরপুর পৌরসভা নির্বাচনে রিটার্নিং অফিসার তারেক আহমেদ মুজিবনগর থানা ইনচার্জ (ওসি) মেহেদি রাসেল, মুজিবনগর উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আব্দুর রব।

মেহেরপুর মেয়েকে উত্ত্যক্ত করাই মডেলকে লাঠিপেটা করলেন মা

মেহেরপুর শহরে মেয়েকে উত্ত্যক্ত করায় এক মডেলকে লাঠি দিয়ে বেদম পিটিয়েছে ওই মেয়ের মা। এঘটনায় একটি ভিডিও ভাইরাল হওয়ায়

চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে শহরে।

প্রতিবাদকারী ওই মা বলেছেন আমার মেয়েকে সে বারবার উত্ত্যক্ত করে আসছিলেন। তাকে নিষেধ করার পরেও শোনেনি। তাই তাকে প্রকাশ্যে লঠিপেটা করে প্রতিবাদ জানিয়েছি।

গত শুক্রবার বিকালের দিকে মেহেরপুর শহরের শহীদ সামসুজ্জোহা পার্কে লাঠি দিয়ে পেটানোর ঘটনা ঘটলে শনিবার থেকে ভিডিওটি ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে।

ভিডিওতে দেখা যায়, শহরের শহীদ শামসুজ্জোহা পার্কে সোহেল নামে ওই যুবককে পেটাচ্ছেন এক নারী। ভুক্তভোগীর মা জানান, দীর্ঘদিন ধরেই তার মেয়েকে উত্ত্যক্ত করছিল হোটেল বাজার এলাকার সোহেল। বারবার নিষেধের পরও কথা শুনছিল না সে। তাই কোনো উপায় না পেয়ে শুক্রবার লাঠি দিয়ে পোটানো হয়।

মডেল যুবক স্থানীয় একটি ক্যাবল অপারেটরের নিজস্ব চ্যানেলে মডেলিং-এ জড়িত। মেয়েটিও সেখানে মডেলিং করতেন বলে তার দাবি। ওই মেয়ে তার সঙ্গে আর্থিক প্রতারণা করেছেন বলেও অভিযোগ করেন এ যুবক।

সভাপতি এড এম এ মজিদ, সম্পাদক জাহিদুজ্জামান মনা

ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি নির্বাচিত হয়েছেন সাবেক ছাত্রনেতা এড এম এ মজিদ। এর আগে তিনি জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য সচিব ছিলেন। এছাড়া সাধারণ সম্পাদক পদে জাহিদুজ্জামান মনা ও সাংগঠনিক সম্পাদক পদে সাজেদুর রহমান পপ্পু নির্বাচিত হয়েছেন।

শনিবার বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ কেন্দ্রীয় নেত্রবৃন্দের উপস্থিতিতে গোপন ব্যালটের মাধ্যমে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। শনিবার সন্ধ্যার দিকে ভোট গননা শেষে কেন্দ্রীয় নেতৃবৃন্দ নবনির্বাচিত সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক

সম্পাদকের নাম ঘোষনা করেন।

ঝিনাইদহ সদর উপজেলার ডাকবাংলা আব্দুর রউফ কলেজ মাঠে বিএনপির এই কাউন্সিল অনুষ্ঠিত হয়। কাউন্সিলে ১০১০ জন ভোটারের মধ্যে ৯২৮ জন তাদের ভোটাধীকার প্রয়োগ করেন। সভাপতি পদে আর কেউ প্রতিদ্বন্দিতা না করায় সাবেক ছাত্রনেতা এড এম এ মজিদ বিনা প্রতিদ্বন্দিতায় ঝিনাইদহ জেলা বিএনপির নতুন সভাপতি নির্বাচিত হন।

এছাড়া গোপন ব্যালটের মাধ্যমে সাধারণ সম্পাদক হিসেবে যুবদলের সাবেক সভাপতি জাহিদুজ্জামান মনা ও সাংগঠনিক সম্পাদক পদে সেচ্ছাসেবকদলের জেলা আহবায়ক সাজেদুর রহমান পপ্পু নির্বাচিত হন।

জেলা সাধারণ সম্পাদক পদে সাবেক ছাত্র নেতা এড আব্দুল আলীম ও ঝিনাইদহ পৌর বিএনপির সাবেক সভাপতি আব্দুল মজিদ বিশ্বাস প্রতিদ্বন্দিতা করেন। অন্যদিকে সাংগঠনিক সম্পাদক পদে সরকারী কেসি কলেজের সাবেক দুই জিএস সাজেদুর রহমান পপ্পু ও শাহাজাহান আলী প্রতিদ্বন্দিতা করেন।

দেশে আ’লীগের অধীনে আর কোন নির্বাচন হতে দেওয়া হবে না

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আওয়ামী লীগের অধীনে এ দেশে আর কোন নির্বাচন হবে না, হতে দেওয়াও হবে না। এই ভোট ডাকাত ও মাফিয়া সরকারকে হটিয়ে নিরপেক্ষ সরকার কায়েম করা হবে। আর নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীন গঠিত নিরপেক্ষ নির্বাচন কমিশনের অধীন নির্বাচন হবে।

তিনি বলেন, এ সরকার ক্ষমতায় আসার আগে বলেছিল ঘরে ঘরে চাকরি দিবে, বিনা পয়সায় সার দিবে, আর দশ টাকা কেজি চাল খাওয়াবে। টাকা ছাড়া ঘরে ঘরে কেও চাকরী পায়নি। তাও আ’লীগ না করলে কারো চাকরী হয়নি। দেশের মানুষ সর্বোচ্চ মুল্য দিয়ে এখন চাল কিনে খাচ্ছেন। কোন কৃষক সারও বিনা পয়সায় পয়নি। এ সরকার প্রতারণা ও ভাউতাবাজীর সরকার।

তার আজ্ঞাবহ নির্বাচন কমিশন শিক্ষা নিতে পারে। তিনি বলেন, এ সরকারের মুখে গনতন্ত্রের ছবক মানায় না। তারা বিশ্ব ভোটচোর হিসেবে স্বীকৃতি পেয়েছে। অমিত আরো বলেন, অবিচার যখন আইন হয়, তখন প্রতিরোধ কর্তব্য হয়ে দাড়াই।

কাউন্সিলে দলের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন দেশনায়ক তারেক রহমান ভার্চুয়ালি সংযুক্ত থাকাবস্থায় পুলিশের গুলিতে নিহত মহেশপুর উপজেলার দারিয়াপুর গ্রামের বিএনপি কর্মী ইন্তাজুলের মেয়ে সুমাইয়া খাতুন, নিহত পলাশের পিতা আরাপপুরের গোলাম মোস্তফা ও শহরের কলাবাগান পাড়ার যুবদল নেতা মির্জার মা তারেক রহমানের দেওয়া আর্থিক সহায়তা গ্রহন করেন। বিএনপি কর্মী ইন্তাজুলের মেয়ে সুমাইয়া খাতুন ও পলাশের পিতা গোলাম মোস্তফা অনুষ্ঠানে বক্তব্য দিয়ে বলেন, কি দোষ ছিল তাদের। দোষ একটাই তারা বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার দল করতেন।

শনিবার বিকালে ডাকবাংলা আব্দুর রউফ কলেজ অডিটোরিয়ামে গোপন ব্যালটের মাধ্যমে ঝিনাইদহ জেলা বিএনপির কমিটি গঠন প্রক্রিয়া চলছিল।

মেহেরপুরে ত্রৈমাসিক বিচার বিভাগীয় সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুরে ত্রৈমাসিক বিচার বিভাগীয় সম্মেলন জেলা ও দায়রা জজ আদালতের মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল সাড়ে ৯ টার সময় এ সম্মেলন শুরু হয়ে দিনব্যাপি উন্মুক্ত আলোচনা হয়।

মেহেরপুর বিজ্ঞ জেলা ও দায়রা জজ মোহাম্মদ ওয়ালিউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত বিভাগীয় সম্মেলনে প্রধান অতিথি ছিলেন শিশু ও নারী নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারক মোঃ তোহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান, মেহেরপুর পুলিশ সুপার

রাফিউল আলম, মেহেরপুর সিভিল সার্জনের প্রতিনিধি ডাক্তার অলক কুমার, পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লভ ভট্টাচার্য, মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি মারুফ আহমেদ বিজন।

দিনব্যাপি আনুষ্ঠিত আলোচনা সভায় আদালতের বিদ্যমান মামলার পরিসংখ্যান উপস্থাপন করেন মেহেরপুর যুগ্ম জেলা ও দায়রা জজ মোহাম্মদ হেলাল উদ্দিন। জেলার দেওয়ানি ও ফৌজদারি মামলা দ্রুত নিষ্পত্তিতে প্রতিবন্ধকতা দূরীকরণ বিষয়ক উন্মুক্ত আলোচনা করা হয়।

উন্মুক্ত আলোচনায় বিজ্ঞ পিপি ও জিপিগণ মামলা ত্বরান্বিত করার বিষয়ে বিভিন্ন পরামর্শ তুলে ধরেন। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট তার বক্তব্যে দেওয়ানি ও ফৌজদারি মামলা সম্পর্কে বিভিন্ন দিক তুলে ধরেন। বিশেষ করে দেওয়ানী/ফৌজদারি মামলায় জেলা প্রশাসনের বিভিন্ন কার্যক্রমের চিত্র উপস্থাপন করেন।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম আদালতে চলমান মামলায় সাক্ষী হাজির এর বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

চাইতাম এক পুত্র সন্তান, আল্লাহ দিয়েছেন তিন সন্তান

এক কন্যা সন্তানের পর এবার এক সাথে তিনটি পুত্র সন্তানের জন্ম দিলেন আখি খাতুন নামের এক গৃহবধু। গৃহবধু রুশিয়া খাতুন গাংনী উপজেলার বাওট গ্রামের ইলেক্ট্রনিক মেকানিক রঞ্জু আহম্মেদের স্ত্রী।

গত বৃহস্পতিবার রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের প্রসূতি বিভাগে তিনটি পুত্র সন্তানের জন্ম দেন এই গৃহবধু। এই তিন সন্তানের আগেও ওই গৃহবধুর জান্নাতুল মাওয়া নামের ৭ বছর বয়সী এক কন্যা সন্তান রয়েছে।

রঞ্জু আহম্মেদ জানান, আমার প্রথম সন্তান কন্যা। বর্তমানে তার বয়স

৩ বছর। আমরা এবার আল্লাহর কাছে একটা পুত্র সন্তান চাইতাম। এবার আল্লাহ আমাদের সেই চাওয়া এক সাথে তিন পুত্র সন্তান দিয়ে পুরুণ করেছেন।

আমি ও আমার পরিবারের সবাই খুব খুশি। আমার স্ত্রী ও সন্তানগুলো এখন সবাই সুস্থ্য রয়েছেন। বর্তমানে নিজ বাড়ি বাওট গ্রামে রয়েছে বলে জানান তিনি।তবে বাচ্ছাগুলোর এখনো কোনো নাম ঠিক করা হয়নি বলেও জানালেন তিনি।

চড়ে দেখার কথা বলে মোটরসাইকেল নিয়ে চম্পট প্রতারক

অভিনব কায়দায় ব্যবসায়ীর কাছ থেকে এ্যাপাচি মোটরসাইকেল নিয়ে সটকে পড়েছে প্রতারক। শনিবার বেলা ২ টার দিকে গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজারে এ ঘটনা ঘটে।

পুরাতন মোটরসাইকেল বিক্রেতা ও মেকার আতিয়ার রহমান জানান, দুপুরের দিকে ক্রেতা সেজে এক প্রতারক দোকানে আসে। নিজের নাম বিপ্লব পরিচয় দিয়ে তার বাড়ি হেমায়েতপুর গ্রামে বলে জানায় সে।

পরে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা একটি এ্যাপাচি আরটিআর মোটরসাইকেল চড়ে দেখার নাম করে নিয়ে পালিয়ে যায়।পরে ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করেও সে আর ফিরে আসেনি।

পরে বিষয়টি গাংনী থানা পুলিশের কাছে জানানো হয়েছে।

ঢাবিতে ছাত্রদলের উপর হামলার প্রতিবাদে জেলা ছাত্রদলের বিক্ষোভ মিছিল

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে হত্যার হুমকি, কুরুচিপূর্ণ মন্তব্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ছাত্রদল নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগে প্রতিবাদ জানিয়ে কেন্দ্রীয় ঘোষিত বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর জেলা তৃণমূল ছাত্রদল।

শনিবার বিকেলে মেহেরপুর শহরের বড় বাজার এলাকা থেকে মিছিলটি শুরু করেন সংগঠনটির নেতাকর্মীরা। মিছিলটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর পৌরসভা চত্বরে গিয়ে শেষ হয়।

সমাবেশে জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির নেতৃত্বে মিছিলে, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, পৌর ছাত্রদলের নেতা ফুর্তি হাসান, মোঃ সোহাগ আলী, মেহেরপুর সদর উপজেলা ছাত্রদল নেতা নয়ন, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা মোঃ ইয়াসিন, বাসেম সহ মেহেরপুর সরকারী কলেজ ও সংগঠনটির অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পরে সমাবেশে জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি বক্তব্য রাখেন।

ক্যান্সারে আক্রান্ত আয়শার পাশে “ভালোবাসার বন্ধন দর্শনা”

ছোট্র একটা সংগঠন নাম তার ভালবাসার বন্ধন দর্শনা এই ছোট্র সংগঠনটি ধীরে ধীরে মানুষের মন জয় করে ফেলেছে ইতিমধ্যে।

সংগঠনটি অসহায় ও ক্যান্সার আক্রান্ত ও হত দরিদ্রদের মাঝে খাদ্য সামগ্রী সহ অসহায় মেয়ের বিবাহ সব ধরনের সহযোগীতার হাত বাড়িয়ে দিচ্ছে সংগঠনটি।

শনিবার বেলা ১১ টার দিকে দর্শনা পুরাতন বাজারে ভালবাসার বন্ধন দর্শনার সংগঠনের সদস্যরা উপস্থিত হয়ে অসহায় বাবার হাতে নগদ অর্থ তুলে দেন ভালবাসার বন্ধন দর্শনা।

দর্শনা থানার পারকৃষ্ণপুর গ্রামের জাহাঙ্গীরের ছোট্ট মেয়ে আয়শা ক্যান্সারজনিত রোগে আক্রান্ত হয়ে পড়ে আছে বিছানায়। চিকিৎসার অভাবে মেয়েটি কাতরাচ্ছে বিছানায়। ঠিক তখনই চিকিৎসার সহায়তায় হাত বাড়িয়ে এগিয়ে আসলেন ভালবাসার বন্ধন দর্শনা’র সদস্যরা।

এ সময় উপস্থিত ছিলেন ভালবাসার বন্ধন দর্শনার পরিচালক আরিফ তরফদার, উপদেষ্টা এস এ এম কিবরিয়া আজম, সাধারণ সম্পাদক মিয়া নুরনবী সুমন, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, দপ্তর সম্পাদক আসহাবুল আলম, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা: ফাতেম, নির্বাহী সদস্য আমিনুর রহমানসহ দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন প্রমুখ।

মেহেরপুরে পুলিশের অভিযানে আটক ৪

২৪ ঘন্টার অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ জনসহ ৩ আসামীকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ। এছাড়া মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে ১ জনকে আটক করেছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টীম গতক শুক্রবার দিবাগত রাতে গাংনী উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ৩ জনকে গ্রেফতার করেন। গ্রেফতারকৃতদের মধ্যে ২ জন জিআর মামলার আদালতের পরোয়ানাভূক্ত ও এক নিয়মিত মামলার আসামী।

এছাড়া মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে জিআর মামলায় আদালতের

পরোয়ানাভূক্ত আসামী গ্রেফতার করেছেন। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছে।

গ্রেফতারকৃতদের শনিবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।